



নং ৫২.০১.১৯০০.০০০.২৫.০৭৩.২৬-৩০৫

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: “ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ ২০২৬” এ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, পরিকল্পনা প্রণয়ন এবং নীতিনির্ধারণে সহায়ক নির্ভরযোগ্য ও মানসম্পন্ন পরিসংখ্যান সংগ্রহ, প্রণয়ন ও প্রকাশ করে আসছে। এ উদ্দেশ্যে বিবিএস নিয়মিতভাবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে থাকে। পরিসংখ্যান আইন, ২০১৩ অনুযায়ী নীতিনির্ধারণক, পরিকল্পনাবিদ, গবেষক ও অন্যান্য স্টেকহোল্ডারের চাহিদা পূরণের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বিভিন্ন জরিপ পরিচালনা করে থাকে। এরই ধারাবাহিকতায় ‘ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ ২০২৬’ পরিচালিত হচ্ছে। **এরই অংশ হিসেবে সারা দেশের ন্যায় কুমিল্লায় ০১ অক্টোবর, ২০২৬ খ্রি. হতে ২৫ অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখে “ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ ২০২৬” পরিচালিত হবে।**

জনশুমারি ও গৃহগণনা ২০২২ অনুযায়ী বাংলাদেশে সরকারিভাবে গেজেট (সংযুক্ত) দ্বারা স্বীকৃত ৫০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রায় ১৬ লাখ জনসংখ্যা রয়েছে, যা মোট জনসংখ্যার প্রায় ১.০ শতাংশ। এই জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার সঠিক ও হালনাগাদ পরিসংখ্যান প্রণয়নের উদ্দেশ্যে এ জরিপ পরিচালিত হচ্ছে।

এ জরিপের লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনসংখ্যার খানাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জনসংখ্যার আর্থসামাজিক অবস্থা নিরূপণের নিমিত্ত জরিপ পরিচালনা করা, উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য বেক্সমার্ক ডাটাবেজ তৈরি করা এবং এসডিজির ‘Leave no one behind’ নিশ্চিত করতে বিভাজিত তথ্য সংগ্রহ করা।

উক্ত জরিপে CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতি ব্যবহার করে সরাসরি খানায় গিয়ে ট্যাবলেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে। প্রতিটি তথ্য সংগ্রহকারী নির্ধারিত এলাকার খানাগুলো পরিদর্শন করে খানার সকল সদস্যের তথ্য সংগ্রহ করবেন।

বিবিএস কর্তৃক সংগৃহীত সকল তথ্য গোপনীয়তা বজায় রেখে প্রক্রিয়াকরণ করা হয়। সংগৃহীত তথ্য কঠোরভাবে গোপন রাখা হবে এবং কোনো ব্যক্তির তথ্য প্রকাশ করা হবে না। সংগৃহীত ব্যক্তিগত তথ্য কেবল সামগ্রিক পরিসংখ্যান তৈরির কাজে ব্যবহার করা হবে।

“ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ ২০২৬” পরিচালনার জন্য নির্ভুল তথ্য সংগ্রহ অপরিহার্য। এরই লক্ষ্যে এই জরিপ কার্যক্রমে জেলা ও উপজেলা পরিসংখ্যান অফিস, কুমিল্লা এর কর্মকর্তা ও কর্মচারীগণ তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন। কর্মকর্তা ও কর্মচারীগণ সরেজমিনে গমনপূর্বক নির্ধারিত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করবেন এবং ট্যাবলেটে ইনপুট প্রদানপূর্বক সার্ভারে প্রেরণ করবেন। এছাড়া জরিপ কার্যক্রমের সার্বিক সমন্বয়, তদারকি ও গুণগত মান নিশ্চিতকরণের জন্য উপজেলা/থানা, জেলা, বিভাগীয় এবং কেন্দ্রীয় পর্যায়ের কর্মকর্তারা দায়িত্ব পালন করবেন। উক্ত জরিপ নির্ধারিত সময়ে সঠিক ও নির্ভুল ভাবে সম্পন্ন করার জন্য সকলের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। উক্ত জরিপ বিষয়ে আপনাকে সদয় অবগত করা হলো এবং জরিপে সংশ্লিষ্ট কর্মকর্তা, সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারীগণকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সবিনয়ে অনুরোধ করা হলো। **উল্লেখ্য যে, পরিসংখ্যান আইন ২০১৩ অনুযায়ী জরিপে সংগৃহীত তথ্য সম্পূর্ণ গোপন থাকবে এবং তা কেবল গবেষণা ও উন্নয়ন পরিকল্পনায় ব্যবহৃত হবে।**

আতিকুর রহমান চৌধুরী
উপপরিচালক

ফোন: ০২-৩৩৪৪৩৮৮৪৯

মোবাইল: ০১৮১২০৪২৯২৮

dsocumillabbs@gmail.com

প্রাপক

.....
.....

অনুলিপি: সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে;

১. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

২. জেলা প্রশাসক, কুমিল্লা।

৩. যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, চট্টগ্রাম।

৪. উপজেলা নির্বাহী অফিসার..... কুমিল্লা।

৫. প্রকল্প পরিচালক, “ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক অবস্থা ও দারিদ্র্য পরিস্থিতি নিরূপণ জরিপ ২০২৫” প্রকল্প, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

৬. অফিস কপি।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ২৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ০৫ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/১৯ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-৭৮-আইন/২০১৯।—ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০ (২০১০ সনের ২৩ নং আইন) এর ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের তফসিলের পরিবর্তে নিম্নরূপ নতুন তফসিল প্রতিস্থাপন করিল, যথা :—

“তফসিল

[ধারা ২(১) ও ধারা ১৯ দ্রষ্টব্য]

[বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম]

ক্রমিক নম্বর	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম
১।	ওরাওঁ
২।	কোচ
৩।	কোল
৪।	খাসিয়া/খাসি
৫।	খিয়াং
৬।	খুমি
৭।	গারো

(১৩৭০৭)

মূল্য : ৪.০০ টাকা

ক্রমিক নম্বর	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম
৮।	চাক
৯।	চাকমা
১০।	ডালু
১১।	তঞ্চঙ্গ্যা
১২।	ত্রিপুরা
১৩।	পাংখোয়া/পাংখো
১৪।	বম
১৫।	বর্মণ
১৬।	মণিপুরী
১৭।	মারমা
১৮।	পাহাড়ী/মালপাহাড়ী
১৯।	মুন্ডা
২০।	ম্রো
২১।	রাখাইন
২২।	লুসাই
২৩।	সাঁওতাল
২৪।	হাজং
২৫।	মাহাতো/কুর্মি মাহাতো/বেদিয়া মাহাতো
২৬।	কন্দ
২৭।	কড়া
২৮।	গঞ্জু
২৯।	গড়াইত
৩০।	গুর্খা
৩১।	তেলী
৩২।	তুরি
৩৩।	পাত্র
৩৪।	বাগদী

ক্রমিক নম্বর	ক্ষুদ্র নৃ-গোষ্ঠী নাম
৩৫।	বানাই
৩৬।	বড়াইক/বাড়াইক
৩৭।	বেদিয়া
৩৮।	ভিল
৩৯।	ভূমিজ
৪০।	ভূঁইমালী
৪১।	মালো/ঘাসিমালো
৪২।	মাহালী
৪৩।	মুসহর
৪৪।	রাজোয়াড়
৪৫।	লোহার
৪৬।	শবর
৪৭।	হুদি
৪৮।	হো
৪৯।	খারিয়া/খাড়িয়া
৫০।	খারওয়ার/খেড়োয়ার। ”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নিজাম উদ্দিন
অতিরিক্ত সচিব।